



মোঃ মাকরুজ্জামান
উপসচিব
বোর্ড ও জনসংযোগ বিভাগ
মোংলা বন্দর কর্তৃপক্ষ
ওয়েবসাইটঃ www.mpa.gov.bd



“সংবাদ বিজ্ঞপ্তি”

“পবিত্র ইদুল-ফিতর উপলক্ষ্যে মোংলা বন্দর কর্তৃপক্ষের পক্ষ থেকে গরিব ও দুস্থ পরিবারের মাঝে ইদ খাদ্য সামগ্রী বিতরণ”

২৮ এপ্রিল, ২০২২ ইং- তারিখ বৃহস্পতিবার বেলা ১১:৩০ ঘটিকায় বন্দর সদর দপ্তরের সামনে মোংলা বন্দর কর্তৃপক্ষের আয়োজনে বন্দর কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে গরিব ও দুস্থদের মাঝে ইদ খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। এসময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা।

পবিত্র রমজান মাস ঈদুল ফিতর উপলক্ষ্যে মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা বন্দরের আশে পাশে বসবাসরত গরিব ও দুস্থদের মানবিক ভাবে সহযোগীতা করার জন্য এ উদ্যোগ গ্রহণ করেন। গরিব ও দুস্থ প্রতি পরিবারের মাঝে পোলাও চাউল-০২ কেজি, সেমাই-২ প্যাকেট, তেল-২ লিটার, চিনি-১ কেজি, আটা-২ কেজি, ডাল-১ কেজি, গুড়া দুধ-৫০০ গ্রাম ও কিসমিশ-১০০ খাদ্য সামগ্রী বিতরণ করা হয়।

এসময় আরো উপস্থিত ছিলেন মোংলা বন্দর কর্তৃপক্ষের মোঃ ইমতিয়াজ হোসেন, সদস্য (প্রকৌশল ও উন্নয়ন) এছাড়াও উপস্থিত ছিলেন বিভাগীয় প্রধানগণ, অন্যান্য কর্মকর্তা-কর্মচারী।

এর আগে বেলা ১১:০০ ঘটিকায় একই স্থানে মোংলা কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস এসোসিয়েন এর আয়োজনে মোংলা বন্দরে কর্মরত কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস এর ৭০০ শ্রমিক ও কর্মচারীদের মাঝে মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা প্রধান অতিথি হিসাবে এবং মোঃ সুলতান মাহমুদ, সভাপতি (মোংলা কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস এসোসিয়েশন) উপস্থিত থেকে ইদ খাদ্য সামগ্রী বিতরণ করেন।

স্বাক্ষরিত/-
উপসচিব